

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বাঘারপাড়া, যশোর
www.bagherpara.jessore.gov.bd

নম্বর: ০৫.৪৪.৪১০৯.০০০.২০.০০১.২২.৯০৫

তারিখ: ২৮ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
১১ এপ্রিল ২০২৩ খ্রিষ্টাব্দ

নোটিশ

বিষয়: উপজেলা পরিষদের এপ্রিল-২০২৩ মাসের মাসিক সাধারণ সভা আহবান প্রসঙ্গে।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাঘারপাড়া উপজেলা পরিষদের এপ্রিল '২০২৩' মাসের মাসিক সাধারণ সভা জনাব ভিক্টোরিয়া পারভীন সাথী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোরের সভাপতিত্বে আগামী ১৭ এপ্রিল '২০২৩' খ্রিঃ তারিখ সোমবার বেলা ১১.৩০ ঘটিকায় উপজেলা পরিষদ সভাকক্ষে অনুষ্ঠিত হবে।

সংশ্লিষ্ট সকলকে সভার ০২(দুই) কার্যদিবস পূর্বে কার্যপত্রের হার্ডকপি প্রদান ও সফটকপি নিকস ফন্টে cobagherpara@gmail.com প্রেরণ নিশ্চিত করণ এবং নির্ধারিত তারিখ ও সময়ে উক্ত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্যসূচীঃ

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২. বিগত সভার গৃহিত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনা।
৩. বিভিন্ন বিভাগীয় কমিটি সমূহের প্রস্তাবনা সম্পর্কে আলোচনা।
৪. ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন প্রকল্প সম্পর্কিত পর্যালোচনা।
৫. আর্থিক বিভিন্ন বিষয়াদি সম্পর্কিত আলোচনা।
৬. মাননীয় উপদেষ্টা, চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের সুপারিশসমূহ।
৭. সমন্বয় (হস্তান্তরিত দপ্তর সমূহের কার্যক্রম)।
৮. বিবিধ।



১১-০৪-২০২৩

সৈয়দ জাকির হাসান
উপজেলা নির্বাহী অফিসার

বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। উপজেলা পরিষদ সংরক্ষিত সদস্য(সকল), বাঘারপাড়া, যশোর।;
- ২। মাননীয় সংসদ সদস্য, ৮৮, যশোর-৪;
- ৩। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা;
- ৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর;
- ৫। ভাইস চেয়ারম্যান(পুরুষ), উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর;
- ৬। ভাইস চেয়ারম্যান(মহিলা), উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর;
- ৭। মেয়র, বাঘারপাড়া পৌরসভা, বাঘারপাড়া, যশোর;
- ৮। উপজেলা.....কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর এবং
- ৯। চেয়ারম্যান, জহুরপুর/বন্দবিলা/রায়পুর/নারিকেলবাড়িয়া/ধলগ্রাম/দোহাকুলা/দরাজহাট/বাসুয়াড়ী/জামদিয়া ইউপি, বাঘারপাড়া, যশোর।

উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০১.২২-১৮৫

তারিখঃ ০৭ মার্চ '২০২৩খ্রিঃ।


ক্র: নং	পদবী	প্রাপ্তি স্বীকার
১	উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা	০৭/০৩/২৩
২	উপজেলা কৃষি কর্মকর্তা	০৭/০৩/২০২৩
৩	উপজেলা প্রকৌশলী	০৭/০৩/২৩
৪	উপজেলা মৎস্য কর্মকর্তা	০৭/০৩/২৩
৫	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা	০৭/০৩/২৩
৬	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা	০৭/০৩/২০২৩
৭	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা	০৭/০৩/২৩
৮	উপজেলা সমবায় কর্মকর্তা	০৭/০৩/২৩
৯	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	০৭/০৩/২৩
১০	উপজেলা সমাজসেবা কর্মকর্তা	০৭/০৩/২০২৩
১১	উপজেলা প: প: কর্মকর্তা	০৭/০৩/২৩
১২	উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা	০৭/০৩/২৩
১৩	উপজেলা শিক্ষা কর্মকর্তা	০৭/০৩/২৩
১৪	ফরেস্টার, সামাজিক বনায়ন	০৭/০৩/২৩
১৫	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা	০৭/০৩/২৩
১৬	উপ-সহকারী প্রকৌশলী, (জনস্বাস্থ্য)	০৭/০৩/২৩

উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০১.২২-১৮৫

তারিখঃ ০৭ মার্চ '২০২৩খ্রিঃ।

ক্র: নং	পদবী	প্রাপ্তি স্বীকার
১.	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ	 ০৭/০৩/২৩
২.	মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ	
৩.	চেয়ারম্যান, জহরপুর ইউপি	 ০৭/০৩/২৩
৪.	চেয়ারম্যান, বন্দবিলা ইউপি	
৫.	চেয়ারম্যান, রায়পুর ইউপি	
৬.	চেয়ারম্যান, নারিকেলবাড়ীয়া ইউপি	 ০৭/০৩/২৩
৭.	চেয়ারম্যান, ধলগ্রাম ইউপি	 ০৭/০৩/২৩
৮.	চেয়ারম্যান, দোহাকুলা ইউপি	
৯.	চেয়ারম্যান, দরাজহাট ইউপি	
১০.	চেয়ারম্যান, বাসুয়াড়ী ইউপি	
১১.	চেয়ারম্যান, জামদিয়া ইউপি	

উপজেলা পরিষদ
বাঘারপাড়া, যশোর

তারিখঃ ০৭ মার্চ '২০২৩খ্রিঃ।

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০১.২২-১৮৫

ক্র: নং	পদবী	প্রাপ্তি স্বীকার
১.	মেয়র, বাঘারপাড়া পৌরসভা	 ৭/৩/২৩

ଓଡ଼ିଶା ମାସିକ ଦୃଷ୍ଟି/୨୦୧୬ ସାମ୍ବାଦ ମାସିକ-
ଆହ୍ୱାନ ଗତ

ଜବାନତି: ଜିଲ୍ଲା ବିହୃତିକା ମାସିକର ଆମ୍ଭୀ
ଫୋଟୋଗ୍ରାମ, ଓଡ଼ିଶା ମାସିକ, ବାହାମାମା

ଜ୍ଞାନ : ଓଡ଼ିଶା ମାସିକ ସଭାରେ

ଉପସମ୍ପାଦକ: ୨୧/୦୮/୨୦୧୬ ସ୍ଥି: ଦିନା-୨୨.୦୦ ଦୃଷ୍ଟି, ହାତୀବାର

ଉପସମ୍ପାଦକ ଓଡ଼ିଶା ମାସିକର ସାମ୍ବାଦ -

ଗଜେବ (ସା: ଗା: ବଢ଼େ, ଗାଈମାସାମାମା, ଓଡ଼ିଶା, →

ଏ ଓଡ଼ିଶା ମାସିକର ସାମ୍ବାଦ, ଗଜେବ, " " → ୨୧/୦୮/୧୬

ଗଜେବ, ଓଡ଼ିଶା, ବାହାମାମା → ୨୧/୦୮/୧୬

ଓଡ଼ିଶା ମାସିକର ଓଡ଼ିଶା, ଓଡ଼ିଶା, ବାହାମାମା → ୨୧/୦୮/୧୬

୧ " ବାହାମା " " → ୨୧/୦୮/୧୬

୨ " ବାହାମା " " → ୨୧/୦୮/୧୬

୩ " ବାହାମା " " → ୨୧/୦୮/୧୬

୪ " ବାହାମା " " → ୨୧/୦୮/୧୬

୫ " ବାହାମା " " → ୨୧/୦୮/୧୬

୬ " ବାହାମା " " → ୨୧/୦୮/୧୬

୭ " ବାହାମା " " → ୨୧/୦୮/୧୬

୮ " ବାହାମା " " → ୨୧/୦୮/୧୬

অধ্যক্ষ উপস্থিতি বিহীনীয় প্রধানগণের স্বাক্ষর (স্বাক্ষর)

- ১। প্রাথমিক স্বাক্ষর - UFO (স্বাক্ষর)
- ২। মোঃ রুহুল করিম - UAO (স্বাক্ষর)
- ৩। কিশোরী কান্ত - PTO (স্বাক্ষর)
- ৪। মোঃ জেফারুল হক - UAO (স্বাক্ষর)
- ৫। স্বাক্ষর - UWAO (স্বাক্ষর) ২৯/৪/২৬
- ৬। মোঃ মাহমুদ হোসেন - USSO (স্বাক্ষর) ২৯/৪/২৬
- ৭। মোঃ মোস্তাফিজুর রহমান - URDO (স্বাক্ষর) ২৯/৪/২৬
- ৮। মোঃ আব্দুল করিম - DGM, PBS (স্বাক্ষর) ২৯/৪/২৬
- ৯। মোঃ মোস্তাফিজুর রহমান - DGM, PBS (স্বাক্ষর) ২৯/৪/২৬
- ১০। মোঃ মোস্তাফিজুর রহমান - UCO (স্বাক্ষর) ২৯/৪/২৬
- ১১। মোঃ মোস্তাফিজুর রহমান - Veterinary Surgeon (স্বাক্ষর) ১৭.০৪.২৩
- ১২। মোঃ মোস্তাফিজুর রহমান - SAE, DPHE (স্বাক্ষর) ১৭.০৪.২৩
- ১৩। মোঃ মোস্তাফিজুর রহমান - USEO - (স্বাক্ষর) ২৯.৪.২৬
- ১৪। মোঃ মোস্তাফিজুর রহমান - UDF-UGDP - (স্বাক্ষর) ২৯.০৪.২৬
- ১৫। মোঃ মোস্তাফিজুর রহমান - UEO (স্বাক্ষর) (স্বাক্ষর) ২৯/৪/২৬

বাঘারপাড়া উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি

: ভিক্টোরিয়া পারভীন সাহী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বাঘারপাড়া, যশোর।

স্থান

: উপজেলা পরিষদ মিলনায়তন, বাঘারপাড়া, যশোর

তারিখ ও সময়

: ১৭ এপ্রিল ২০২৩ রবিবার, বেলা-১১.০০ ঘটিকা

উপস্থিত সদস্যদের তালিকা :

- ০১) জনাব মো: আব্দুর রউফ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
- ০২) জনাব বিথীকা বিশ্বাস, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
- ০৩) জনাব মোঃ কামরুজ্জামান, মেয়র, বাঘারপাড়া পৌরসভা, বাঘারপাড়া, যশোর।
- ০৪) জনাব মোঃ আসাদুজ্জামান, চেয়ারম্যান, জহরপুর ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ০৫) জনাব মো: সবদুল হোসেন খান, চেয়ারম্যান, বন্দবিলা ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ০৬) জনাব মোঃ মুনজুর রশীদ (স্বপন), চেয়ারম্যান, রায়পুর ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ০৭) জনাব বাবলু কুমার সাহা, চেয়ারম্যান, নারিকেলবাড়িয়া ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ০৮) জনাব মোঃ রবিউল ইসলাম, চেয়ারম্যান, ধলগ্রাম ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ০৯) জনাব মো: ওয়াহিদুর রহমান আবু মোতালেব, চেয়ারম্যান, দোহাকুলা ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ১০) জনাব মো: জাকির হোসেন, চেয়ারম্যান, দরাজহাট ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ১১) জনাব মোঃ আমিনুর সরদার, চেয়ারম্যান, বাসুয়াড়ী ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ১২) জনাব শেখ আরিফুল ইসলাম তিব্বত, চেয়ারম্যান, জামদিয়া ইউ/পি, বাঘারপাড়া, যশোর।

অনুপস্থিত সদস্যদের তালিকা :

উপস্থিত কর্মকর্তাবৃন্দ (হস্তান্তরিত বিভাগসমূহ)- (জৈষ্ঠতার ক্রমানুসারে নহে, উপস্থিতির ক্রমানুসারে) :

- ০১) জনাব পলাশ বালা, উপজেলা মৎস্য কর্মকর্তার, বাঘারপাড়া, যশোর।
- ০২) জনাব মোঃ রুহুল আমিন, উপজেলা কৃষি কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ০৩) জনাব ফিরোজ আহমেদ, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা(অঃ দাঃ), বাঘারপাড়া, যশোর।
- ০৪) জনাব মোঃ তোফাজ্জেল হোসেন, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ০৫) জনাব রাজকুমার পাল, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ০৬) জনাব এ,টি,এম মাসুদ হোসেন, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ০৭) জনাব এস,এম শাখির উদ্দিন, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ০৮) শেখ আব্দুর রহমান, ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, জোনাল অফিস, বাঘারপাড়া, যশোর।
- ০৯) জনাব মোহাঃ মোস্তাফিজুর রহমান, উপজেলা সমবায় কর্মকর্তার, বাঘারপাড়া, যশোর।
- ১০) জনাব ডাঃ মোঃ আখতারুজ্জামান, ভ্যাটেনারি সার্জন, উপজেলা প্রাণি-সম্পদ কর্মকর্তার পক্ষে, বাঘারপাড়া, যশোর।
- ১১) জনাব সালেহ আকরাম, উপসহকারী প্রকৌশলী, বাঘারপাড়া, যশোর।
- ১২) জনাব আবু হানিফ, উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), বাঘারপাড়া, যশোর।
- ১৩) জনাব মোঃ আকরাম হোসেন খান, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ১৪) জনাব মোঃ মোতালেব হোসেন, ইউডিএফ, বাঘারপাড়া, যশোর।
- ১৫) জনাব মোঃ আলী আকবর, উপজেলা শিক্ষা কর্মকর্তা(ভারপ্রাপ্ত), বাঘারপাড়া, যশোর।

অনুপস্থিত কর্মকর্তাবৃন্দ (হস্তান্তরিত বিভাগসমূহ):

- ০১) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ০২) জনাব মোঃ মহিউদ্দীন আহমেদ, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ০৩) মোঃ শাহীন কবির, ফরেস্টার, বন বিভাগ, বাঘারপাড়া, যশোর।

সবাইকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সভার নিয়মিত কার্যক্রম শুরু করেন। সভায় আলোচ্য বিষয় ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

ক্র: নং	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১.	পূর্ববর্তী সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদনঃ সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে কোন সংশোধনী পাওয়া যায়নি।	সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়	উপজেলা নির্বাহী অফিসার।
০২.	পূর্ববর্তী সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনাঃ পূর্ববর্তী সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের আলোকে যথাযথ পদক্ষেপ গ্রহন করা হয়েছে।	সিদ্ধান্ত বাস্তবায়নের ক্ষেত্রে তদারকি ব্যবস্থা জোরদার করার সিদ্ধান্ত হয়।	১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার
০৩.	বিভাগীয় কমিটি সমূহের প্রস্তাবনা সম্পর্কে আলোচনাঃ (ধারা ২৯ মোতাবেক গঠিত স্থায়ী কমিটির সুপারিশ পর্যালোচনা ও অনুমোদন এবং উক্তরূপ সুপারিশের আলোকে বিভিন্ন কমিটি গঠন ও উহার টার্মস অব রেফারেন্স অনুমোদন) উপজেলা পরিষদের ১৭টি স্থায়ী কমিটির কোন সভার কার্যবিবরণী অত্র সভায় উপস্থাপিত হয়নি।	স্থায়ী কমিটিসমূহের সভার নিয়মিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে আহ্বান জনানো হয়।	১। সভাপতি/সদস্য সচিব, স্থায়ী কমিটি(সকল), উপজেলা পরিষদ,
০৪	৪. উন্নয়নমূলক (উপজেলা পরিষদে হস্তান্তরিত বিভাগসমূহের প্রস্তাব/প্রকল্প ও প্রাক্কলন অনুমোদন কার্যক্রম পর্যালোচনা ও পরিষদ কর্তৃক বাস্তবায়নকৃত বিভিন্ন উন্নয়ন মূলক কার্যক্রম পর্যালোচনা):- (ক) মন্ত্রণালয় মেরামত ও সংস্কার প্রকল্প প্রজাব প্রেরণঃ যশোর জেলার বাঘারপাড়া উপজেলা পরিষদের অভ্যন্তরের ০৮টি বিভিন্ন মেরামত ও সংস্কার প্রকল্প বাস্তবায়ন করার জন্য বরাদ্দ প্রদানের নিমিত্ত নিম্নলিখিত প্রকল্পসমূহের প্রাক্কলন সভায় উপস্থাপন করা হয়। বিস্তারিত আলোচনান্তে প্রাক্কলনসমূহ অনুমোদনকরতঃ অর্থ ছাড়করণের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। (খ) উপজেলা পরিষদের দোকানঘর সংক্রান্তঃ উপজেলা পরিষদের দোকানঘরসমূহ ইজারা প্রদানসহ সার্বিক বিষয়ে একটি শৃঙ্খলা আনয়ন করা প্রয়োজন মর্মে সভায় উপস্থাপিত হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে দোকানঘরসমূহের বিস্তারিত তথ্যসহ বর্তমান করণীয় বিস্তারিত প্রতিবেদন উপস্থাপন করার জন্য নিম্নরূপ একটি কমিটি গঠন করা হয়ঃ কমিটিঃ ১। সহকারী কমিশনার(ভূমি), বাঘারপাড়া--- আহবায়ক ২। চেয়ারম্যান, দোহাকুলা ইউনিয়ন পরিষদ, বাঘারপাড়া----- সদস্য ৩। চেয়ারম্যান, দরাজহাট ইউনিয়ন পরিষদ, বাঘারপাড়া----- সদস্য ৪। চেয়ারম্যান, রায়পুর ইউনিয়ন পরিষদ, বাঘারপাড়া----- সদস্য ৫। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বাঘারপাড়া--- সদস্য ৬। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বাঘারপাড়া--- সদস্য ৭। উপজেলা প্রকৌশলী, বাঘারপাড়া--- সদস্য সচিব	(ক) অর্থ ছাড়করণের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করার সিদ্ধান্ত গ্রহন করা হয়। (খ) গঠিত কমিটিকে দোকানঘরের বিষয়ে বিস্তারিত তথ্যসহ কি ধরনের পদক্ষেপ গ্রহন করা যায় তার বিস্তারিত প্রতিবেদন আগামী ০৪-০৫- ২০২৩খ্রিঃ তারিখের মধ্যে দাখিল করা জন্য বলা হয়।	(ক) ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার ৩। উপজেলা প্রকৌশলী (খ) ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার ৩। গঠিত কমিটি

(ঘ) অনুমোদিত মাটির প্লান অনুযায়ী উপজেলা পরিষদের নতুন হলরুম নির্মাণের স্থানে অবস্থিত জরাজীর্ণ অব্যবহৃত বিআরডিবি গোড়াউন কনডেমনেশন এর মাধ্যমে অপসারণ:

যশোর জেলার বাঘারপাড়া উপজেলা পরিষদের অনুমোদিত মাটির প্লান অনুযায়ী উপজেলা পরিষদের নতুন কমপ্লেক্স ভবন ও হলরুম নির্মাণের স্থানে জরাজীর্ণ/পরিত্যক্ত উপজেলা পল্লী উন্নয়ন দপ্তরের গোড়াউন (বিআরডিবি গোড়াউন) যা বর্তমানে বিআরডিবি দপ্তর কোন কাজে ব্যবহার করেন না এবং যেকোন সময় ভেঙে পড়ে দুর্ঘটনা ঘটতে পারে। উক্ত ভবন অপসারণ না করলে নতুন হলরুম নির্মাণ কার্যক্রম শুরু করা সম্ভব হচ্ছে না। তৎপ্রেক্ষিতে বর্ণিত ভবন কনডেম ঘোষণা করার লক্ষ্যে উপজেলা প্রকৌশলী কর্তৃক প্রস্তুতকৃত=৩,৬৬,৪২১.০০(ভাঙ্গা খরচসহ) টাকার একটি প্রাক্কলন সভায় উপস্থাপন করা হয়। যা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

তৎপ্রেক্ষিতে উপজেলা পরিষদের সিদ্ধান্তক্রমে ইতোপূর্বে একাধিকবার প্রস্তাবনা প্রেরণ করা হয়েছে, সর্বশেষ ২৬ সেপ্টেম্বর ২০২২খ্রি তারিখে ০৫.৪৪.৪১০৯.০০০.১৭.০০৬.২২.৪৪ নং স্মারকে প্রস্তাবনা প্রেরণ করা হলে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এর ০৬-০৩-২০২৩খ্রিঃ তারিখের ৪৭.৬২.০০০০.২১০.১৮.০৬৮.১৩.২০৪৪নং স্মারকপত্রে বিআরডিবি গোড়াউন ভাঙ্গার ক্ষেত্রে কয়েকটি বিষয়ে সুস্পষ্ট তথ্যসহ প্রস্তাবনা প্রেরণ করার জন্য নির্দেশনা প্রদান করেছেন।

বর্ণিত স্মারকপত্রটি সভায় উপস্থাপন করা হয়। উক্ত পত্র পর্যালোচনাকালে দেখা যায় বিআরডিবি'র গোড়াউনের জায়গার পরিবর্তে বিআরডিবি'র নামে সমপরিমান জমি/অফিস স্পেস ৩০০(তিনশত) টাকার নন জুডিশিয়াল স্টাম্পে সমঝোতা স্মারকের মাধ্যমে বরাদ্দ প্রদান করা হবে কিনা? সেবিষয়ে মতামতসহ উপজেলা প্রকৌশলীর নিলাম বিক্রির প্রাক্কলন ও কনডেমনেশন কমিটির সিদ্ধান্তসহ প্রেরণ করার জন্য নির্দেশনা প্রদান করেছেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনাকালে যেখানে বিআরডিবি এর অফিস ভবন রয়েছে সেখানে উপজেলা পরিষদের মালিকানাধীন ৯৩নং মহিরণ মৌজায়, আরএস খতিয়ান-০৭, আরএস দাগনং-২৮০৯ এ ৬০শতক জমি রয়েছে মর্মে সভায় উপস্থাপিত হয়। যেহেতু বর্তমান গোড়াউন অফিসভবন থেকে অনেকটা দূরে সেহেতু বর্তমান অফিস ভবনের পাশেই গোড়াউনের জায়গা প্রদান করা হলে বিআরডিবি'র জন্য ভালো হবে মর্মে মতামত উপস্থাপিত হয়, যে বিষয়ে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাও একমত পোষণ করেন।

(১) উপজেলা পরিষদের সভায় সর্বসম্মতিক্রমে উপরে বর্ণিত দাগ হতে বর্তমান গোড়াউনের সমপরিমান জায়গা ৩০০(তিনশত) টাকার নন জুডিশিয়াল স্টাম্পে সমঝোতা স্মারকের মাধ্যমে বরাদ্দ প্রদান করতে উপজেলা পরিষদ সম্মত আছে।

(২) এছাড়া গোড়াউন ভাঙ্গার ক্ষেত্রে উপজেলা প্রকৌশলী কর্তৃক উপস্থাপিত সর্বমোট- ৩,৬৬,৪২১/- টাকার একটি প্রাক্কলন সভায় উপস্থাপন করেন যার মধ্যে ১,০২,৫০৭/- ভাঙ্গা খরচ বাদে নীট- ২,৬৩,৯১৪/- টাকার একটি প্রাক্কলন উপস্থাপিত হলে সেটি অনুমোদন করা হয়।

উক্ত বিষয়ে সার্বিক সহযোগীতা এবং উপপরিচালক, বিআরডিবি, যশোরের মাধ্যমে কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বাঘারপাড়াকে অনুরোধ জানানো হয়।

যেহেতু উক্ত পত্র কনডেমনেশন কমিটির সিদ্ধান্তসহ প্রেরণ করার জন্য নির্দেশনা প্রদান করেছেন। সেহেতু বর্ণিত বিষয়ে কনডেমনেশন কমিটির অনুমোদনসহ বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডে প্রেরণের লক্ষ্যে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়।

(ঘ)

(১) উপজেলা পরিষদের মালিকানাধীন ৯৩নং মহিরণ মৌজায়, আরএস খতিয়ান-০৭, আরএস দাগনং-২৮০৯ হতে বর্তমান গোড়াউনের সমপরিমান জায়গা ৩০০(তিনশত) টাকার নন জুডিশিয়াল স্টাম্পে সমঝোতা স্মারকের মাধ্যমে বরাদ্দ প্রদানের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়

(২) উপজেলা প্রকৌশলী কর্তৃক উপস্থাপিত প্রাক্কলন অনুমোদন করা হয়।

(ঘ)

১। চেয়ারম্যান,
উপজেলা পরিষদ
২। উপজেলা
নির্বাহী অফিসার
৩। উপজেলা
প্রকৌশলী
৪। উপজেলা পল্লী
উন্নয়ন কর্মকর্তা

০৫.	আর্থিকঃ (উপজেলা পরিষদের আয়-ব্যয় সংশ্লিষ্ট প্রস্তাব) (ক) পৌরকর প্রদানঃ মেয়র, বাঘারপাড়া পৌরসভা ২০২২-২০২৩ অর্থ বছরের উপজেলা পরিষদের আওতাধীন বিভিন্ন ভবন, বাসাবাড়ি ও দোকানঘরের পৌরকর বাবদ ৩,২৭,৫৩৫/- টাকা পরিশোধের জন্য উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থাপন করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়। (খ) নতুন কমপ্লেক্স ভবনের তিনটিরুমে থ্রিফেইজ লাইনকরণঃ উপজেলা পরিষদের নতুন কমপ্লেক্স ভবনের সভা কক্ষ, ইউএনও ও উপজেলা চেয়ারম্যান মহোদয়ের অফিসকক্ষে থ্রিফেইজ লাইন নির্মাণ করার জন্য ডিজিএম, পল্লী বিদ্যুৎ ও উপজেলা প্রকৌশলী যৌথভাবে আনুমানিক ৬০,০০০/- হাজার টাকার একটি প্রাক্কলন সভায় উপস্থাপন করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে বলা হয় যেহেতু এখন এসি ব্যবহারসহ ভারি ইলেকট্রনিক্স সামগ্রী ব্যবহারে থ্রী ফেইজ ব্যবহার করা নিরাপদ সেহেতু উক্ত লাইন নির্মাণ করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয় এবং লাইন নির্মাণের জন্য ব্যয়িত অর্থ অগ্রিম অনুমোদন প্রদানপূর্বক উক্ত অর্থ পরিশোধের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হয়।	(ক) বিধি মোতাবেক নিয়মিত পৌরকর পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। (খ) থ্রী ফেইজ লাইন নির্মাণ করা এবং লাইন নির্মাণের জন্য ব্যয়িত অর্থ অগ্রিম অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	(ক) ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার (খ) ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার ৩। উপজেলা প্রকৌশলী ৪। ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি
০৬.	অপারেশনাল (মাননীয় সংসদ সদস্য (উপদেষ্টা), উপজেলা চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদের আলোচনা ও সুপারিশ পর্যালোচনা এবং ন্যায্যকৃত/শ্রেণি নিয়োজিত কর্মকর্তা - কর্মচারীসহ পরিষদের সকল কর্মচারী সংক্রান্ত বিষয়াদিঃ) উপজেলা পরিষদের ভবনে অফিসরুম বরাদ্দ প্রদান সংক্রান্তঃ উপজেলা পরিষদের নবনির্মিত কমপ্লেক্স ভবনে অফিস রুম পাইবার জন্য বিভিন্ন দপ্তর প্রস্তাবনা পেশ করেছেন। সেপ্রেস্কিতে নতুন ভবনে রুমসমূহ প্রদানের ক্ষেত্রে গুরুত্ব বিবেচনাপূর্বক সুপারিশসহ বিস্তারিত প্রতিবেদন উপস্থাপন করার জন্য নিম্নরূপ একটি কমিটি গঠন করা হয়ঃ কমিটিঃ ১। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া--- আহবায়ক ২। উপজেলা কৃষি কর্মকর্তা, বাঘারপাড়া--- সদস্য ৩। উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, বাঘারপাড়া--- সদস্য ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া--- সদস্য	গঠিত কমিটিকে সুপারিশসহ বিস্তারিত বিস্তারিত প্রতিবেদন আগামী ০৪-০৫-২০২৩খ্রিঃ তারিখের মধ্যে দাখিল করা জন্য বলা হয়।	১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার ৩। গঠিত কমিটি
০৭.	সমন্বয়ঃ (হস্তান্তরিত দপ্তর সমূহের কার্যক্রম)		
ক. স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরঃ	উপজেলা প্রকৌশলীর পক্ষে সভায় জানান যে, দাপ্তরিক সকল কর্মকান্ড সুষ্ঠুভাবে চলমান আছে। তিনি আরো জানান যে, এডিপি এর পিআইসি কাজ সম্পন্ন হয়েছে, বিল ছাড়করণ চলমান আছে। এছাড়া টেন্ডারের কাজ সম্পন্ন হয়েছে বিল ছাড়করণ কাজ চলমান আছে। এছাড়া প্রশাসনিক অনুমোদন প্রাপ্ত উপজেলা পরিষদের প্রধান গেইট নির্মাণ কাজ দ্রুততার সহিত সম্পন্ন করার জন্য অনুরোধ জানানো হয়।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয় এবং দ্রুত সকল কাজ বাস্তবায়ন করার আহবান জানানো হয়।	১। উপজেলা প্রকৌশলী
খ. স্বাস্থ্য বিভাগঃ	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় এবং দপ্তরের কার্যপত্র প্রদান না করায় তাঁর দপ্তরের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানা যায়নি।	কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা।
গ. কৃষি বিভাগঃ	উপজেলা কৃষি অফিসার জানান যে, অত্র উপজেলায় ১৬৪৪০ হেক্টর জমিতে বোরো ধান আবাদ হয়েছে। ধান কর্তন ইতিমধ্যে শুরু হয়েছে। শতকরা ৮০% ধান পাকার সাথে সাথে ধান কর্তনের জন্য কৃষকদের পরামর্শ প্রদান করা হচ্ছে। বোরো ধানে ব্লাস্ট দমন ও চলমান তাপদাহে স্কোয়াড গঠন, লিফলেট বিতরণ, দলীয় আলোচনা ও কৃষক সংগঠনের সাথে আলোচনার মাধ্যমে কৃষকদের নিয়োজিত পরামর্শ প্রদান করা হচ্ছেঃ # ক্ষেতে সারাক্ষণ পানি রাখতে হবে # বিঘা প্রতি ০৫কেজি পটাশ সার প্রয়োগ করতে হবে। অনুমোদিত হত্রাকনাশক যেমন, টুপার/নাটিভো/ব্লাস্টিন অনুমোদিত মাত্রায় প্রয়োগ করতে হবে। কৃষকরা যেন বোরো ধান নির্বিঘ্নে ঘরে তুলতে পারে তার জন্য কৃষকদের পাশে	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি এবং মাঠ পর্যায়ে নিবিড় মনিটরিং করার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা কৃষি কর্মকর্তা।

	থেকে সার্বক্ষণিক পরামর্শ প্রদান করার জন্য উপসহকারী কৃষি কর্মকর্তাদের নির্দেশনা প্রদান এবং সাপ্তাহিক ছুটির দিনসহ সকল ধরনের ছুটি আপাততঃ স্থগিত করা হয়েছে। মাঠে ফসলের সার্বিক অবস্থা ভাল। কৃষি প্রগোদনা সহ সকল কৃষি সেবা এবং কৃষি ঋণ কার্যক্রম(বিতরণ,আদায়, সার্টিফিকেট মামলা) সহজীকরণের মাধ্যমে সফল কৃষি উদ্যোগ তৈরী করে বানিজ্যিক কৃষির প্রসার ঘটাতে কৃষক বন্ধু ডট কম (krishakbondhu.com) নামে ওয়েবসাইটে ফ্রি কৃষক নিবন্ধন শুরু হয়েছে এবং বিভিন্ন ইউনিয়নের ২০০৫ জন কৃষকের নিবন্ধন সম্পন্ন হয়েছে। বিশেষ কর্মসূচির আওতায় ফল গাছের পরিচর্যা, ভার্মি কম্পোষ্ট/কম্পোষ্ট তৈরী, পুষ্টি বাগান স্থাপন সহ অন্যান্য কার্যক্রমের জন্য উপসহকারী কৃষি কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করা হয়েছে। প্রগোদনা কর্মসূচির আওতায় বিভিন্ন ফসল মাঠ পর্যায়ে বাস্তবায়নের কার্যক্রম চলমান রয়েছে। সার মনিটরিং কার্যক্রম চলমান রয়েছে। প্রগোদনা কর্মসূচির আওতায় ২০২২-২৩ অর্থ বছরে খরিফ মৌসুমে প্রকৃত ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনা মূল্যে রাসায়নিক সার ও বীজ বিতরণের জন্য উফনী আউশ ২৫৫০জন এবং পাট ১৪০০ জনের মাঝে বিতরণ করা হয়েছে। সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পের আওতায় উন্নয়ন সহায়তার (ভর্তুকী) বিভিন্ন কৃষি যন্ত্র ক্রয়ে আগ্রহী কৃষকের অগ্রাধিকার তালিকা প্রকল্প থেকে কন্সাইন হারভেস্টার ০৪টি, রাইচ ট্রান্সপ্লান্টার ০১টি, পাওয়ার স্প্রের ০১টি, রিপার ০২টি অনুমোদিত হয়েছে এবং কৃষকদের মাঝে বিতরণ করা হবে। এছাড়া বিভিন্ন প্রকল্পের প্রদর্শনী স্থাপন, মাঠ দিবস, কৃষক প্রশিক্ষণসহ দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ভাবে চলমান আছে।		
ঘ.মৎস্য বিভাগ:	উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা প্রশাসনের সহযোগিতায় বাঘারপাড়া মাছ বাজার এবং ধলগ্রাম মাছ বাজারে জাটকা সংরক্ষণ কার্যক্রমের আওতায় ২টি মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। মোবাইল কোর্ট পরিচালনা কালে জন্মকৃত জাটকা দুইটি এতিমখানায় প্রদান করা হয় এবং দুই জন জাটকা বিক্রেতাকে ৩,০০০/- (তিন হাজার) টাকা জরিমানা করা হয়। উপজেলা প্রশাসনের সহায়তায় বিভিন্ন খাল, বিল ও চিত্রা নদীতে বাঁধপাটা অপসারণে মোবাইল কোর্ট পরিচালনা কালে ৫০০মিটার অবৈধ চায়না দুয়ারি জাল জব্দ করে জন সম্মুখে পোড়ানো হয়েছে। যা প্রাকৃতিক জলাশয়ে দেশীয়প্রজাতির মাছ উৎপাদন ও প্রজননের জন্য বিশেষ ভূমিকা রাখবে। বর্তমানে তাপদাহ কালীন পরিস্থিতিতে পুকুর/ জলাশয়ে কমপক্ষে ৪ ফুট পানির গভীরতা রাখার জন্য উপজেলার বিভিন্ন মৎস্য খামারি ও মৎস্য চাষিদের কে পরামর্শ প্রদান করা হচ্ছে। বাঘারপাড়া পৌরসভার মেয়র মহোদয়ের অনুরোধ ক্রমে কচুরিপানা অপসারণের লক্ষ্যে গলগলিয়া মৎস্য অভয়াশ্রমের দুই শারি বাঁশ এলাকা বাসি তুলে ফেলে। কচুরিপানা অপসারণের পর অতি দ্রুত বাঁশ গুলি যথাস্থানে স্থাপনের ব্যবস্থা করার জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে।এছাড়াও দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা মৎস্য কর্মকর্তা।
ঙ.প্রাণি সম্পদ বিভাগ:	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, এপ্রিল-২০২৩ মাসে ১) কৃত্রিম প্রজননের আওতায় তরল সিমেন-২২৮টি, হিমায়িত সিমেন-১০৫০টি, ২) টিকা প্রদানের আওতায় গবাদি পশু- ১০০০২টি, হাঁসমুরগী- ৪০০০০টি, ৩) চিকিৎসা প্রদান গবাদিপশু-২৭৫৪টি, হাঁসমুরগি-৮৫৯৭টি, পোষাপ্রাণী-০১টি, ৫) উঠান বেঠক-০৫টি ৬) খামার পরিদর্শন-১০টি। এছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান আছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
চ.সমাজসেবা দপ্তর:	উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, প্রতিস্থাপিত বয়স্ক ভাতা, বিধবা ভাতা ও প্রতিবন্ধী ভাতাভোগীদের মাঝে ভাতা পরিশোধ বহি বিতরণ চলমান আছে। ২০২২-২৩ অর্থ বছরে অতিরিক্ত বরাদ্দপ্রাপ্ত প্রতিবন্ধী ভাতাভোগীদের মাঝে ভাতা পরিশোধ ভাতা বিতরণ কার্য চলমান আছে। বিভাগের অন্যান্য কার্যক্রম সন্তোষজনক।	ভাতা প্রদান ও দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে মনিটরিং করার জন্য অনুরোধ করা হলো।	উপজেলা সমাজসেবা কর্মকর্তা

ছ.পরিবার পরিকল্পনা বিভাগ:	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়ের কার্যপত্র থেকে জানা যায় যে, গত মাসে উপজেলার মোট সক্ষম দম্পতির সংখ্যা ৪৬৩৯৮ জন। বিভিন্ন পদ্ধতি গ্রহনকারীর সংখ্যা খাবার বড়ি ৫৭৫৮(চক্র) কনডম ১৪০৪৩(পিস) ইনজেকটেবল ১২২৩ জন আইইউডি ০৬জন, ইমপ্লান্ট ২৭জন, স্থায়ী পদ্ধতি পুরুষ ০০জন, মহিলা ০০ মোট ০০ জন।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা
জ.শিক্ষা বিভাগ (প্রাথমিক):	উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া, যশোর মহোদয়ের উদ্যোগে ২৬টি বিদ্যালয়ে ডিজিটাল ডিসপ্লে স্থাপন করা হয়েছে। উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া, যশোর মহোদয়ের উদ্যোগে ২০টি বিদ্যালয়ে সি.সি ক্যামেরা স্থাপনের কাজ প্রক্রিয়াধীন রয়েছে। প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক অত্র উপজেলার ৪৭টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ল্যাপটপ বিতরণ করা হয়েছে। পিইডিপি-৪ এর আওতায় অত্র উপজেলায় ০৬ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নীড বেইজড প্লেয়িং এন্ডেসোরিজ (খেলাধুলার জন্য) স্থাপন সংক্রান্ত কার্যক্রম বিদ্যালয়ে স্থাপন সম্পন্ন করা হয়েছে। পিইডিপি-৪ এর আওতায় উপজেলায় ০৩ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সীমানা প্রাচীর নির্মানের কাজ চলমান। অত্র উপজেলায় পিইডিপি-৪ এর আওতায় ০৬টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভবন বরাদ্দ হয়েছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা শিক্ষা কর্মকর্তা
ঝ.শিক্ষা বিভাগ (মাধ্যমিক):	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, গত ১৬.০৩.২০২৩ খ্রি. তারিখ সকাল ১০.০০ ঘটিকায় উপজেলা পরিষদ হলরুমে বাঘারপাড়া উপজেলাধীন মাধ্যমিক ও উচ্চ শিক্ষামাধ্যমিক স্তরের ৯০ টি শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণের সম্মুখে উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া, যশোর মহোদয়ের সভাপতিত্বে চেয়ারম্যান, উপজেলা পরিষদ শিক্ষার মান উন্নয়ন বিষয়ক এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয় জনাব সৈয়দ জাকিরহাসান, উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া, যশোর মহোদয়ের সভাপতিত্বে মত বিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব ভিক্টোরিয়া পারভীন সাথী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান। শিক্ষার মান উন্নয়ন সহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে ডিজিটাল হাজিরা মেশিন স্থাপনের বিষয়ে উক্ত সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয়। গত ২১.০৩.২০২৩ খ্রি. তারিখে বাঘারপাড়া সরকারী পাইলট মডেল উচ্চ বিদ্যালয়ে বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা ২০২৩ খ্রি. অনুষ্ঠিত হয়। অত্র বাঘারপাড়া উপজেলাধীন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের শিক্ষা প্রতিষ্ঠান সমূহে অধ্যয়নরত শিক্ষার্থীরা ০৩ টি গ্রুপে ০৫ টি বিষয়ে এ প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। গত ০২-০৫ এপ্রিল/২০২৩ যশোর জিলা স্কুলে অত্র উপজেলাধীন মাধ্যমিক স্তরের ৮২ টি শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিষ্ঠান প্রধানদের ০৪ দিন ব্যাপি নতুন শিক্ষাক্রম বিস্তরণ ২০২৩ এর প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন করা হয়। আগামী ৩০.০৪.২০২৩ খ্রি. তারিখ থেকে এস.এস.সি পরীক্ষা কেন্দ্রে, ০২ টি দাখিল পরীক্ষা কেন্দ্রে এবং একটি এস.এস.সি ভোকেশনাল পরীক্ষা কেন্দ্রে এ পরীক্ষা অনুষ্ঠিত হবে। ইহা ছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা জন্য অনুরোধ জানানো হয়।	(১) ও (২) উপজেলা শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর
ঞ.পল্লী উন্নয়ন বিভাগ:	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড বর্তমান সরকারের রূপকল্প-২০২১ বাস্তবায়নে কাজ করে আসছে। তাছাড়া গ্রামের সাধারণ জনগণকে একত্রিত করে সংগঠনের মাধ্যমে স্বনির্ভরতা অর্জন, পুঁজি গঠন, প্রশিক্ষণ ও ঋণ প্রদানের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে কৃষক সমিতি, বিত্তহীন পুরুষ ও মহিলাদের নিয়ে কার্যক্রম পরিচালনা করে থাকে। ২২৮টি সমিতির ৬৫৮৯ জন সমবায়ীর মাঝে ২০২২-২৩ অর্থ বছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৫৩৫.১৮ লক্ষ টাকা। উল্লেখ্য ২০২২-২৩ অর্থ বছরে মোট ১০০ জন মহিলা ও পুরুষ সদস্যকে গবাদী পশুপালন, বিষমুক্ত সবজি চাষ এবং অপ্রধান শস্য বিষয়ে ৩ দিন মেয়াদী আইজিএ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া ছাতিয়ানতলা গার্লস স্কুল এর ১০০ জন কিশোরী নারিকেলবাড়ীয়া সেবাসংঘ মাধ্যমিক বিদ্যালয়ের ১০০ জন কিশোরীসহ সর্বমোট ২০০ জন কিশোরিকে ১ দিন ব্যাপী মোট ছয়বার কিশোরীসচেতনামূলক প্রশিক্ষণ প্রদানসহ বিনামূল্যে প্রশিক্ষণ সামগ্রী বিতরণ করা হয়েছে। এছাড়া অপ্রধান শস্য	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

	প্রকল্পের আওতায় ৮০ জন অপ্রধান শস্য উৎপাদনকারী কৃষকের মধ্যে পিয়াজের বীজ, ভুটোর বীজ, মুসুরীর বীজ ও মরিচের চারা বিতরণ করা হয়েছে। এছাড়া ০৭ জন অপ্রধান শস্য উৎপাদনকারীকে প্রদর্শনী প্লট স্থাপন বাবদ মোট ৪২,০০০ হাজার টাকা কৃষকের ব্যাংক হিসাবে প্রেরণ করা হয়েছে। চলতি আর্থিক বছরে ১৩৭৭ জন সদস্যের মধ্যে ৫৭০.৮৩ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে এবং ৪১০.১১ লক্ষ ঋণ আদায় করা হয়েছে। এছাড়া পল্লী জীবিকায়ন কর্মসূচীর আওতায় ৬৬ জন সদস্যের মধ্যে একক উদ্যোক্তা ঋণ বাবদ ৭০.০০ লক্ষ বিতরণ করা হয়েছে। বিআরডিবি আওতাভুক্ত সকল প্রকল্প/কর্মসূচীর মাধ্যমে দারিদ্র্যতা নিরসনে ও আল্পনির্ভরশীলতা সৃষ্টি কল্পে প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। বিআরডিবি আওতায় পরিচালিত বীর মুক্তিযোদ্ধা প্রকল্প এর ০৫ জন বীর মুক্তিযোদ্ধা/তাদের পোষ্যদের মাঝে দীর্ঘদিন পূর্বে বিতরণকৃত ঋণের আসল ৪৩,০০০ টাকা মাত্র আদায় করা সম্ভব হচ্ছেনা। উক্ত টাকা আদায় করা সহ পরবর্তীতে যাতে ঋণ বিতরণ করতে পারি এ বিষয়ে বীর মুক্তিযোদ্ধা কমান্ডার মহোদয়ের আন্তরিক সহযোগিতা একান্ত কাম্য। বিআরডিবি আওতায় ভৈরব গুচ্ছগ্রামে পুরুষ ও মহিলা দলে ২৫ জন সদস্যের মধ্যে বিতরণকৃত ঋণের আসল ১,০৪,০০০ টাকা দীর্ঘদিন যাবৎ খেলাপী হয়ে পড়ে আছে। যার কারনে উক্ত প্রকল্পের স্বাভাবিক কার্যক্রম স্তবির হয়ে পড়েছে।		
ট. যুব উন্নয়ন দপ্তর:	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের মাধ্যমে এ পর্যন্ত ১০৩৫১ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। যার মধ্য থেকে ৫৫১৫ জন যুব ও ৪৮৩৬ জন যুব মহিলাকে আত্মকর্মী করা হয়েছে। এছাড়া প্রশিক্ষণ প্রাপ্ত যুবদের মধ্য হতে ১০২৬ জন যুব ও ৬৩০ জন যুব মহিলা সহ মোট ১৬৫৬ জন কে যুব ঋণ হিসাবে ৪৭১২১৩০০/- টাকা প্রদান করা হয়েছে, যার আদায় হার ৯৭%। তিনি সভায় আর ও জানান যে, দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
ঠ. সমবায় বিভাগ:	উপজেলা সমবায় কর্মকর্তা সভায় কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরে অডিট যোগ্য কেন্দ্রীয় সমিতি ২টি ও প্রাথমিক সমিতি ৬০টি ২০২১-২০২২সনে অডিট বরাদ্দ প্রদান করা হয়েছে। চলতি মাস পর্যন্ত মোট ৫২টি প্রাথমিক সমিতি অডিট সম্পাদন করা হয়েছে। ২০২০-২০২১সনে মোট আদায়যোগ্য অডিট ফি ১,১০,৭০০/-টাকা। আদায়কৃত অডিট ফি ১,১০,৭০০/-টাকা আদায়ের হার ১০০%। এছাড়া আদায়যোগ্য সিডিএফ ধার্য করা হয়েছে-৬২৪৪৫/-টাকা, যার মধ্যে আদায় হয়েছে ৬২,৪৪৫/-টাকা, আদায়ের হার ১০০%। উপজেলার ৪ (চার) টি আশ্রয়ণ প্রকল্পে মূল বরাদ্দ পাওয়া গেছে ৭৬০০০০/-টাকা উহাসহ এপর্যন্ত ঘূণায়মান হিসাবে মোট ঋণ বিতরণ করা হয়েছে ৩৭,৭৩,০০০/-টাকা এবং চলতি মাসে আদায়কৃত ঋণের পরিমাণ ৫৫০০/-টাকা এখানে মোট আদায়যোগ্য ঋণের পরিমাণ ৪০,৭০,৩৪০/-টাকা মোট ঋণ আদায় ৩৫,৬৪,৭৪৪/-টাকা অনাদায়ী ঋণের পরিমাণ ৫,০৫,৫৯৬/-টাকা। আদায়ের হার ৮৭%।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা সমবায় কর্মকর্তা
ড. মহিলা বিষয়ক দপ্তর:	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, বাঘারপাড়া উপজেলায় বর্তমানে ভিডলিউবি উপকারভোগীর সংখ্যা ২১৫২ জন। ভিডলিউবি কর্মসূচির আওতায় ২০২৩-২০২৪ চক্রে ভাতাভোগীর তালিকা চূড়ান্ত অনুমোদনের করা হয়েছে। এপ্রিল-২০২৩ খ্রি: মাস পর্যন্ত খাদ্যশস্য বিতরণের জন্য ডিও প্রদান করা হয়েছে। মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২২-২০২৩ অর্থবছরে বরাদ্দ পাওয়া গেছে। সংশ্লিষ্ট ইউনিয়ন কমিটি থেকে তালিকা উপজেলা কমিটির মাধ্যমে চূড়ান্ত করা হয়েছে। বাঘারপাড়া পৌরসভার জুলাই-২২ হতে মার্চ-২৩ পর্যন্ত ১৫২জন ভাতা ভোগীর তালিকা চূড়ান্ত অনুমোদন করা হয়েছে। আইজিএ প্রশিক্ষণ প্রকল্পের আওতায় বর্তমানে ১৮ তম ব্যাচে ২৫ (পঁচিশ) জন করে দুটি ট্রেডে মোট ৫০ জন মহিলার প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে। মহিলা বিষয়ক অধিদপ্তর সদর কার্যালয় ঢাকা থেকে নির্দেশনা পেলে ১৯ তম ব্যাচের প্রশিক্ষণের ভর্তি কার্যক্রম শুরু হবে। ক্ষুদ্রঋণ কার্যক্রম চলমান রয়েছে। মার্চ-২০২৩ মাস পর্যন্ত ৩১৯ জনকে ৩৩,২৮,০০০/- (তেরিশ লক্ষ আটশ	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা।

	হাজার) টাকা ক্ষুদ্রঋণ প্রদান করা হয়েছে। বাঘারপাড়া উপজেলায় ১০ (দশ) টি কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম চলমান রয়েছে। বাল্য বিবাহ প্রতিরোধ, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, মানব পাচার প্রতিরোধ, যৌতুক নিরোধ ও অটিজম বিষয়ে উঠানবেঠক ও সচেতনতামূলক সভা চলমান রয়েছে। নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে আইনী সহায়তা কার্যক্রম চলমান রয়েছে।		
ঢ. ত্রাণ বিভাগ:	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় এবং দাপ্তরিক কার্যপত্র প্রদান না করায় কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানা যায়নি।	কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
গ. জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, অত্র উপজেলার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ের ওয়াশ ব্লকের নির্মাণ কাজ চলমান রয়েছে। এছাড়া ২০২২-২০২৩ অর্থ বছরের গভীর নলকূপের সহায়ক চাঁদা বাবদ চালান সংগ্রহের পাশাপাশি নলকূপের বোরিং কার্যক্রম চলমান রয়েছে। প্রধান প্রকৌশলী মহোদয় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা, বাঘারপাড়া উপজেলার জন্য একটি নতুন ভবন নির্মাণ করার অনুমোদন দিয়েছেন, যার নির্মাণ কার্যক্রম চলমান রয়েছে।	দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়।	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)
ভ. বন বিভাগ	ফরেস্টার, বনবিভাগ, বাঘারপাড়া, যশোর সভায় উপস্থিত না থাকায় এবং দাপ্তরিক কার্যপত্র প্রদান না করায় তার দপ্তরের বিস্তারিত কার্যক্রম সম্পর্কে জানা যায়নি	কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হয়।	ফরেস্টার, বনবিভাগ, বাঘারপাড়া, যশোর
০৯.বিবিধ:	(১) ছাতিয়ানতলা বাজারের গরু হাট বসানো প্রস্তাবঃ চেয়ারম্যান, দরাজহাট জানান যে, ছাতিয়ানতলা বাজারের জায়গা সংকীর্ণ হওয়াসহ বাজারের বর্তমান যে অবস্থা সেপেক্ষিতে হাটের রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্র অর্জনকরা সম্ভব হচ্ছে না, সুতরাং এ বছর ছাতিয়ানতলা হাট সরকারি ইজারা মূল্যের উপরে কোন ব্যক্তিই দর প্রদান করে নাই। এসকল বিষয় বিবেচনা করে যদি ছাতিয়ানতলা বাজারে একটি নয়নঝুলি শ্রেণির জমি আছে সেখানে পশু হাট বসানো ব্যবস্থা করা যায় তবে হাটের ইজারা মূল্য বৃদ্ধি পাবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারি রাজস্ব আয় পক্ষান্তরে উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদ এর আয়বৃদ্ধিসহ সার্বিক উন্নয়নে উক্ত স্থানে পশু হাট বসানোর প্রস্তাবনা প্রেরণের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী কমিশনার(ভূমি) ও উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়। (২) উপজেলা ভাইস চেয়ারম্যান খাস আদায়ের ক্ষেত্রে হাটের রাজস্ব যেন না কমে যায় সেবিষয়ে সংশ্লিষ্ট সকলকে লক্ষ্য রাখার জন্য অনুরোধ জানান। (৩) সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন সকলকে সরকারি যাকাত ফান্ডে যাকাত প্রদানের জন্য অনুরোধ জানান।	(১) পশু হাট বসানোর প্রস্তাবনা প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। (২) সংশ্লিষ্ট সকলকে বিষয়টি লক্ষ্য রাখার অনুরোধ জানানো হয়। (৩) উপস্থিত সকল	(১) (ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ (খ) উপজেলা নির্বাহী অফিসার (গ) সহকারী কমিশনার(ভূমি) (২) সংশ্লিষ্ট সকল (৩) উপস্থিত সকল

অতঃপর অধ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।


 ভিক্টোরিয়া পারভীন সাহী
 সভাপতি
 ও
 চেয়ারম্যান
 উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।

উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০২.২০২২-২০

তারিখঃ ১৮/ ০৪/ ২০২৩ খ্রিঃ ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

১. মাননীয় সংসদ সদস্য, ৮৮ যশোর-৪
২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
৪. জেলা প্রশাসক, যশোর।
৫. উপ-পরিচালক, স্থানীয় সরকার, যশোর।
৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৭. ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৮. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৯. মেয়র, বাঘারপাড়া পৌরসভা, যশোর।
১০. উপজেলা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১১. চেয়ারম্যান, ... ইউনিয়নপরিষদ, বাঘারপাড়া, যশোর।
১২. সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।



সৈয়দ জাকির হাসান
উপজেলা নির্বাহী অফিসার
বাঘারপাড়া, যশোর।